তারিখঃ ০৫-০৯-২০২১ ফল ২০২১ সেশনের সিএসই বিভাগের সকল ছাত্রছাত্রীদের প্রতি জরুরী নির্দেশনাবলী

সকল ছাত্র ছাত্রীদের জন্য অবশ্য পালনীয় নির্দেশনাবলী (বিস্তারিত নোটিশসমুহ আলদাভাবে সংযুক্ত)

- সকল ছাত্র-ছাত্রীদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, পে স্লিপ স্টুডেন্ট প্যানেলে পাওয়ার পর কারো যদি ক্রেডিট কম/বেশি, ওয়েভার সংক্রান্ত/ অ্যামাউন্ট কম বেশি/ বিবিধ সমস্যা পরিলক্ষিত হয় তাহলে বিচলিত না হয়ে প্রোগ্রাম অফিসকে (রবিবার থেকে বৃহস্পতিবার) সকাল ০৯.৩০ থেকে বিকাল ৫ .৩০ মধ্যে কল করে অবহিত করবেন | নিজের পে স্লিপ এর খুঁটিনাটি (ওয়েভার থাকলে/ সেমিস্টার ক্রেডিট/ রিটেক ইমপ্রুভমেন্ট নিয়ে থাকলে সেগুলোর ক্রেডিট / সেমিস্টার নং / credit ফি/টোটাল এমাউন্ট ইত্যাদি) অবশ্যই ভালোভাবে ক্রস চেক করে নিবেন তারপর ব্যাংকে জমা দিবেন | টিউশন ফি জমা দানের পর paid ব্যাংক পে স্লিপ অথবা payment confirmation sms/screenshot (Mobile Banking এর ক্ষেত্রে) ভবিষ্যৎ প্রয়োজনে অবশ্যই সংরক্ষণ করবেন| ফল ২০২১ সেশনে লেট ফি প্রযোজ্য হবে (নোটিশ সংযুক্ত)।

#বি_দ্র:- ***কেউ যদি যেকোনো ওয়েভার এর জন্য যোগ্য তা অর্জন না করেও, কারিগরি ত্রুটির কারণে পে স্লিপে ভুল করে ওয়েভার এ্যাড হয়ে যায় বা প্রাপ্ত ওয়েভার এর চেয়ে বেশী (%) এ্যাড হয়ে যায় তাহলে সেক্ষেত্রেও ফি জমা না দিয়ে তাৎক্ষনিক প্রোগ্রাম অফিসকে অবহিত করতে হবে অন্যথায় আগামী যেকনো সেমিস্টারে কারিগরি ত্রুটির কারণে প্রাপ্ত ওয়েভারের টাকা অতিরিক্ত এডজাস্ট হবে | (যেমন সেমিস্টার জিপিএ রেজাল্ট কমপক্ষে ৩.৪০ নাহলে এসএসসি , এইচএসসি জিপিএ ফাইভ এর কারনে প্রাপ্ত ওয়েভার পাবেনা, কমপক্ষে জিপিএ ২.৫০ না থাকলে কোন কোটা ওয়েভার পাবেনা) |*

সেমিস্টার ড্রপ ভর্তি, নতুন করে রিএডমিশন এর রেজিস্ট্রেশন রেজিস্ট্রেশনঃ

- সেমিস্টার ড্রপ এর স্টুডেন্ট , বর্তমানে ফল ২০২১ সেশন থেকে continue করতে বা রিএডমিশন নিতে ইচ্ছুক তারা অবশ্যই আগামী ১৯ সেপ্টেম্বর ২০২১ থেকে ২৬ সেপ্টেম্বর ২০২১ এর মধ্যে সিএসই প্রোগ্রাম অফিসে যোগাযোগ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করবেন (সকাল ০৯.৩০ থেকে বিকাল ৫.৩০ মধ্যে)| বিস্তারিত নোটিশ সংযুক্ত|

রিটেক ও ইমপ্রুভমেন্ট রেজিস্ট্রেশন সংক্রান্তঃ

- ফল ২০২১ সেশনে যারা রিটেক বা ইম্প্রুভমেণ্ট নিতে ইচ্ছুক তারা বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের নোটিশ প্যানেল/সিএসই ডিপার্টমেন্টের ফেসবুক গ্রুপ থেকে **CSE RETAKE IMPROVEMENT FORM FALL 2021** ডাউনলোড করে আগামী ১৯ সেপ্টেম্বর ২০২১ থেকে ২৬ সেপ্টেম্বর ২০২১ এর মধ্যে অবশ্যই যথাযথভাবে পূরণকৃত ফর্ম এর soft copy file অথবা স্বহস্তে পূরণকৃত ফর্মের স্ক্যানকপি / স্পষ্ট ছবি নিম্নে উল্লেখিত ২টি ই -মেইল এ E-Mail করে পাঠাতে হবে (উভয় মেইল এ একসাথে ইমেইল করতে হবে)। একজন স্টুডেন্ট সর্বোচ্চ ১২ ক্রেডিট রিটেক/ইম্প্রুভমেণ্ট নিতে পারবে। শুধুমাত্র B থেকে D গ্রেড থাকলে সেই কোর্সে ইম্প্রুভমেণ্ট নেয়া যায়। ভুল তথ্য /আংশিক পূরণকৃত ফর্ম গ্রহণযোগ্য বলে বিবেচিত হবেনা | রিটেক বা ইম্প্রুভমেণ্টে এর পরীক্ষা সমূহ স্বাস্থ্যবিধি মেনে ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে (মিড ও ফাইনালের লিখিত পরীক্ষা)। শুধুমাত্র ফোনে রেজিস্ট্রেশন করা যাবেনা ও ই-মেইল করার পর আর পরিবর্তন করা যাবেনা। সশরীরে ডিপার্টমেন্টে এসে রিটেক/ইম্প্রুভমেন্ট পরীক্ষা দেয়ার ক্ষেত্রে ব্যাক্তিগত সিদ্ধান্ত নেবার পরই যেন উক্ত পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করে।

office.cse@vu.edu.bd
office.cse2@vu.edu.bd
FORM DOWNLOAD LINK-DOC OR PDF:
https://vu.edu.bd/notice/details/2529
https://vu.edu.bd/notice/details/2530

E-Mail করার পর প্রোগ্রাম অফিসারদের কে ফোন করে জানাতে হবে এবং ইমেইল প্রাপ্তির বিষয়টি প্রোগ্রাম অফিসারের নিকট হতে নিশ্চিত হতে হবে (রবিবার থেকে বৃহস্পতিবার) সকাল ০৯.৩০ থেকে বিকাল ৫ .৩০ মধ্যে | উল্লেখিত ডেড লাইন মিস করা যাবেনা | তবে স্টুডেন্টদের কে রিটেক ইমপ্রুভমেন্ট ফর্ম যত শীঘ্রই সম্ভব পূরণ করে প্রোগ্রাম অফিসে মেইল করার জন্য অনুরোধ করা হল | ফল ২০২১ সেশনে সেমিস্টারের রিটেক/ইমপ্রুভমেন্ট নেওয়া ছাত্র -ছাত্রী অবশ্যই প্রোগ্রাম অফিস থেকে রেজিস্ট্রেশন সম্পন্ন / কনফার্ম (ফোনে/ফেসবুক group এর মাধ্যমে) হওয়ার পর পে স্লিপ ডাউনলোড বা সংগ্রহ করবেন | পে স্লিপে ক্রেডিট, টোটাল এমাউন্ট ভালোভাবে ক্রস চেক করে ব্যাংকে জমা দিবেন | কোন সমস্যা থাকলে প্রোগ্রাম অফিসে নক করবেন | বিস্তারিত নোটিশ সংযুক্ত |

ফ্রি স্টুডেন্টশিপ/দরিদ্র মেধাবী ওয়েভারসংক্রান্তঃ

- যারা ফ্রি স্টুডেন্টশিপ অ্যাপ্লাই করবেন, ফ্রি স্টুডেন্টশিপ এর কারনে ছাড় পাবেন, তারা ফ্রি স্টুডেন্টশিপ এর রেজাল্ট হওয়ার পর স্টুডেন্ট প্যানেলের পে স্লিপে ওয়েভার এ্যাড করা হবে এবং তারপর তা স্টুডেন্ট প্যানেল থেকে ডাউনলোড করে জমা দেয়া যাবে। জমা দেয়ার পূর্বে প্রাপ্ত ওয়েভারটি ফ্রি স্টুডেন্টশিপ এর রেজাল্ট অনুযায়ী আছে কিনা তা দেখে ও পে স্লিপ ভালভাবে ক্রসচেক করে টিউশন ফি জমা দিবেন। (যেসব ছাত্র-ছাত্রী আগের সেমিস্টারে অর্থাৎ সামার ২০২১ সেশনে ফ্রি/দরিদ্র মেধাবী ওয়েভার পেয়েছে তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই , তাদের রেজাল্টের ভিত্তিতে এই ছাড় বজায় থাকতে পারে,কম-বেশি হতে পারে, বাতিলও হতে পারে, যেমন সেমিস্টার জিপিএ রেজাল্ট ন্যূনতম ৩.২৫ না হলে এই ওয়েভার পাওয়া যায়না,আবেদন করা যায়না)। এই সংক্রান্ত বিস্তারিত নোটিশ সংযুক্ত করা হল।

ক্রেডিট ট্রান্সফার স্টুডেন্টদের রেজিস্ট্রেশন সংক্রান্ত

- ক্রেডিট ট্রান্সফার স্টুডেন্টদের ফল ২০২১ সেশনে উত্তীর্ণ সেমিস্টারের কোন এক বা একাধিক কোর্স waived থাকলে ও পূর্ববর্তী কোন সেমিস্টারের কোর্সের রেজিস্ট্রেশন করতে হলে অবশ্যই সিএসই প্রোগ্রাম অফিসের সহযোগিতায় ২৬ সেপ্টেম্বর ২০২১ এর মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া হল |

ফল ২০২১ এর ফ্রি স্টুডেন্টশিপের আবেদন প্রক্রিয়া, সময়, রেজাল্ট,রেজিস্ট্রেশন এর ডেডলাইন, পে স্লিপ সংগ্রহ, টিউশন ফি জমা দানের ডেডলাইন বিস্তারিত নোটিশে সংযুক্ত।

***উল্লেখ্য যে, সিএসই ছাত্র-ছাত্রীদের জন্য কোন ল্যাব ফি প্রযোজ্য নয় |

সকল সিআর-দের এই জরুরী বার্তাটি নিজ নিজ সেকশনে সার্কুলেট করার জন্য অনুরোধ জানানো হলো।

সি এস ই প্রোগ্রাম অফিসঃ ০১৭৩০-৪০৬৫৩৪, ০১৭৩০-৪০৬৫৫৭

ফেসবুক পেজঃ https://www.facebook.com/deptofcse.vu/

ফেসবুক গ্রুপঃ https://www.facebook.com/groups/312448452239956/

বরেন্দ্র বিশ্ববিদ্যালয় নোটিশ প্যানেলঃ https://vu.edu.bd/notice

নির্দেশক্রমে

Prof. Dr. Md. Shahid Uz Zaman
Head
Dept. of CSE
Varendra University

VARENDRA UNIVERSITY
বরেন্দ্র
বিশ্ববিদ্যালয়

সেপ্টেম্বর ০১, ২০২১
স্মারক নং: ববি/রেজি/অবি/৭০৩

অফিস বিজ্ঞপ্তি (ফার্মেসী ব্যতিত)

ফল-২০২১ সেমিস্টারে চলমান শিক্ষার্থীদের সেমিস্টার ফি প্রদান এবং রিটেক ও ইমপ্রুভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, **ফল-২০২১ সেমিস্টারের শিক্ষার্থীদের** সেমিস্টার ফি প্রদান এবং রিটেক ও ইমপ্রুভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশনের সময়সীমা নিম্নরূপ নির্ধারণ করা হয়েছে:

- **পে-স্লিপ সংগ্রহ ও সেমিস্টার ফি প্রদান:** অক্টোবর ০৩, ২০২১ তারিখ থেকে স্টুডেন্ট প্যানেলে পে-স্লিপ পাওয়া যাবে এবং ব্যাংক (মার্কেন্টাইল/এনসিসি ব্যাংকের যেকোন শাখায়) অথবা মোবাইল ব্যাংকিং (রকেট/বিকাশ) এর মাধ্যমে সেমিস্টার ফি প্রদান করা যাবে। **রকেটে নিজস্ব একাউন্ট থেকে টিউশন ফি জমা দিলে অতিরিক্ত কোন সার্ভিস চার্জ লাগবে না।**
- **জরিমানা ব্যতীত ১ম কিস্তির টাকা পরিশোধের শেষ সময়:** অক্টোবর ১৪, ২০২১।
- **জরিমানা ব্যতীত ২য় কিস্তির টাকা পরিশোধের শেষ সময়:** ডিসেম্বর ০৯, ২০২১।
- **রিটেক ও ইমপ্রুভমেন্ট কোর্সের চলমান শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের সময়সীমা:** সেপ্টেম্বর ১৯ তারিখ হতে সেপ্টেম্বর ২৬, ২০২১ তারিখ পর্যন্ত সকল সেমিস্টারের শিক্ষার্থী রিটেক ও ইমপ্রুভমেন্টে কোর্সের রেজিস্ট্রেশন করতে পারবে। শিক্ষার্থীকে **সেপ্টেম্বর ২৬, ২০২১** তারিখের মধ্যে রিটেক ও ইমপ্রুভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। যেসকল শিক্ষার্থীর সেমিস্টার ড্রপ/সেমিস্টার ফি বকেয়া আছে তাদেরকে **সেপ্টেম্বর ২৬, ২০২১** তারিখের মধ্যে প্রোগ্রাম অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

বিলম্ব ফি (প্রতিদিন ৫০ টাকা): অক্টোবর ১৪, ২০২১ তারিখের পরে ১ম কিস্তির টাকা এবং ডিসেম্বর ০৯, ২০২১ তারিখের পরে ২য় কিস্তির টাকা জমা দিলে বিলম্ব ফি হিসেবে প্রতি দিনের জন্য ৫০ টাকা জরিমানা প্রযোজ্য হবে।

বি:দ্র: করোনা পরিস্থিতিতে অনলাইন ভিত্তিক ক্লাশ হওয়ায় ফল'২১ সেমিস্টারের শিক্ষার্থীদের এক্সট্রা কারিকুলার ফি মওকুফ করা হলো। লাইব্রেরী ফি ও কম্পিউটার ল্যাব ফি পূর্বনির্ধারিত ফি থেকে কমিয়ে ১০০ টাকা করা হলো। উল্লেখিত ৩টি খাতে শিক্ষার্থীকে ফল'২১ সেমিস্টারে নিম্নরূপ ফি প্রদান করতে হবে:

এক্সট্রা কারিকুলার ফি	লাইব্রেরী ফি	কম্পিউটার ল্যাব ফি
০০	১০০	১০০

(যোগাযোগ: ব্যবসায় প্রশাসন বিভাগ-০১৭৩০৪০৬৫৩১ ও ০১৭৩০৪০৬৫৪০; সিএসই বিভাগ-০১৭৩০৪০৬৫৩৪ ও ০১৭৩০৪০৬৫৫৭; ইইই বিভাগ-০১৭৩০৪০৬৫৩৫; রাষ্ট্রবিজ্ঞান বিভাগ-০১৭৩০৪০৬৫৭৫; ইংরেজি বিভাগ-০১৭৩০৪০৬৫৩৭ ও ০১৭৩০৪০৬৫৬২; আইন ও মানবাধিকার বিভাগ-০১৭৩০৪০৬৫৩৬; সমাজবিজ্ঞান বিভাগ-০১৭৩০৪০৬৫৩৮; অর্থনীতি ও জার্নালিজম বিভাগ-০১৭৩০৪০৬৫৩৯)

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

০১/০৯/২০২১

ড. মো: মহিউদ্দিন
রেজিস্ট্রার

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. উপ-উপাচার্য/নির্বাহী পরিচালক/পরিচালক (ইন্টারনাল অডিট), বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
২. সকল বিভাগ: বিভাগীয় প্রধান/কো-অর্ডিনেটর/প্রোগ্রাম অফিস/নোটিশ বোর্ড
৩. অফিস: আইটি/একাউন্টস/ইনফরমেশন
৪. অফিস কপি

VARENDRA UNIVERSITY
বরেন্দ্র
বিশ্ববিদ্যালয়

তারিখ: আগস্ট ২৯, ২০২১
স্মারক নং: ববি/রেজি/অবি/৭০৪

অফিস বিজ্ঞপ্তি (ফার্মেসী ব্যতিত)
(Free Studentship-Fall 2021)

বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ে প্রতি সেমিস্টারে ৩% দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের টিউশন ফি মওকুফের সুবিধা বা Free Studentship দেওয়া হয়ে থাকে।

Fall-2021 সেমিস্টারে Free Studentship এর জন্য আগ্রহী শিক্ষার্থীরা **১৯.০৯.২০২১ থেকে ২২.০৯.২০২১** তারিখ পর্যন্ত অনলাইনে Free Studentship এর জন্য আবেদন করতে পারবে। শিক্ষার্থী তাদের Student Panel এ গিয়ে Waiver Application অপশনে ক্লিক করে তাদের আবেদনপত্রটি পূরণ করে Submit করবে। Submit করার পর আর কোনো কিছু সংশোধন বা পুনরায় আবেদন করা যাবেনা। সুতরাং, Submit করার আগে তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে। Summer-2021 সেমিস্টারে Free Studentship সুবিধা প্রাপ্ত শিক্ষার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। শিক্ষার্থীর সেমিস্টার পরীক্ষার ফলাফল ও আর্থিক অবস্থা মূল্যায়ন করে এই সুবিধা বজায় থাকবে/থাকবে না।

উল্লেখ্য, নতুনভাবে আবেদন করার জন্য এবং Free Studentship প্রাপ্ত শিক্ষার্থীদের সুবিধা পুনর্বিবেচনার জন্য সর্বশেষ সেমিস্টার ফাইনাল পরীক্ষায় নিম্নরূপ জিপিএ থাকতে হবে:

ক) ইংরেজি, আইন ও মানবাধিকার, সমাজবিজ্ঞান, অর্থনীতি, জার্নালিজম, রাষ্টবিজ্ঞান: **ন্যূনতম জিপিএ - ৩.০০**
খ) ব্যবসায় প্রশাসন, সিএসই, ইইই: **ন্যূনতম জিপিএ - ৩.২৫**

বিভাগীয় প্রধানকে আগামী ২৭.০৯.২০২১ তারিখের মধ্যে উল্লেখিত বিষয়ের শিক্ষার্থীদের তালিকা রেজিস্ট্রার অফিসে Softcopy সহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

Free Studentship কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে **আগামী ২৯.০৯.২০২১ তারিখ বিকাল ৫ টায়** চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

২৯/০৮/২০২১

ড. মো: মহিউদ্দিন
রেজিস্ট্রার

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. সকল বিভাগ: বিভাগীয় প্রধান/কো-অর্ডিনেটর/প্রোগ্রাম অফিস/নোটিশ বোর্ড
২. অফিস: একাউন্টস/আইটি/ইনফরমেশন
৩. অফিস কপি